রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ১৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**

**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**

**বিআরটিএ সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ মার্চ ২০১৯

নং ৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-১০০—নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ৫ম উপজেলা পরিষদের সাধারণ নির্বাচনে ১ম পর্যায়ের ভোটগ্রহণ আগামী ১০ মার্চ, ২০১৯ তারিখ অনুষ্ঠিত হবে (তালিকা সংযুক্ত)। এ পরিপ্রেক্ষিতে ১৯৮৩ সালের মোটর ভেহিক্যাল্‌স অধ্যাদেশ এর ৮৮ ধারা অনুযায়ী ৫ম উপজেলা পরিষদের ১ম পর্যায়ের সাধারণ নির্বাচন উপলক্ষে নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৯ মার্চ, ২০১৯ তারিখ ১২:০০ টা হতে ভোটগ্রহণের দিন ১০ মার্চ ২০১৯ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে :

| | | |
|---|---|---|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিকশা/ইজিবাইক | (৪) জীপ | (৭) বাস |
| (২) ট্যাক্সি ক্যাব | (৫) পিক আপ | (৮) ট্রাক |
| (৩) মাইক্রোবাস | (৬) কার | (৯) টেম্পো |

২। এছাড়া, ভোটগ্রহণের পূর্ববর্তী ০২ (দুই) দিন হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত মোটরসাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন—এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষকে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হল।

৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ লিয়াকত আলী**
সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd